

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮৭০

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১০. তৃতীয় অনুচ্ছেদ - জিহ্বার হিফাযাত, গীবত এবং গালমন্দ প্রসঙ্গে

### আরবী

وَعَنْ عُبَادَةَ بْنِ الصَّامِتِ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: اضْمَنُوا لِي سِتًا مِنْ أَنْفُسِكُمْ أَضْمَنُ لَكُمُ الْجَنَّةَ: اصْدُقُوا إِذَا حَدَّثْتُمْ وَأَوْفُوا إِذَا وَعَدْتُمْ وأدوا إِذَا ائتمتنم واحفظوا فروجكم وغضوا أبصاركم وكفوا أيْدِيكُم

#### বাংলা

৪৮৭০-[৫৯] 'উবাদাহ্ ইবনুস্ সামিত (রাঃ) হতে বর্ণিত। নবী সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা তোমাদের পক্ষ থেকে আমাকে ছয়টি জামানাত দাও, আমি তোমাদের জন্য জান্নাতের জামিন হব- ১. যখন তোমরা কথা বলবে, সত্য বলবে, ২. যখন প্রতিশ্রুতি দেবে, প্রতিশ্রুতি পালন করবে, ৩. যখন তোমাদের কাছে গচ্ছিত রাখা হবে, তা পরিশোধ করবে, ৪. নিজের লজ্জাস্থানসমূহকে হিফাযাত করবে, ৫. নিজ দৃষ্টি অবনমিত রাখবে, ৬. নিজের হস্তদ্বয়কে আয়ত্তে রাখবে।[1]

## ফুটনোট

[1] সহীহ লিগয়রিহী: শু'আবুল ঈমান ৪৮০২, আল মুসতাদরাক ৮০৬৬, সহীহ ইবনু হিবান ২৭১, আহমাদ ২২৭৫৭, সিলসিলাতুস্ সহীহাহ্ ১৪৭০, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ১৯০১, সহীহুল জামি' ১০১৮, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ১৩০৬৬।

#### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (أَنَّ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: "اَضْمَنُوا لِي سِتًا) নবী সাল্লাল্লাহ তথাসাল্লাম বলেছেনঃ তোমরা আমার জন্য তোমাদের ৬টি অভ্যাসের জামিনদার হও তাহলে আমি তোমাদের জন্য জান্নাতের জামিনদার হব। অর্থাৎ কৃতকার্যতার সাথে জান্নাতে প্রবেশের অথবা নৈকট্যপ্রাপ্ত উচ্চ মর্যাদাসম্পন্ন জান্নাতীদের স্তরে পৌঁছানোর জামিনদার হব।



(اَصْدُقُوا إِذَا حَدَّثْتُمْ) यथन তোমরা কথা বলবে, সত্য বলবে।

(أُوْفُوا إِذَا وَعَدْتُمْ) यथन अङ्गीकात कत्तत ज्थन जा পূर्व कत्तत ।

وأدوا إذا ائتمتنم) যখন তোমাদের নিকট আমানাত রাখা হবে, তখন তোমরা আমানাত আদায় করবে এবং সাক্ষয প্রদান করবে।

(وغضوا أبصاركم) যার প্রতি দৃষ্টি দেয়া হারাম তা হতে দৃষ্টিকে অবনমিত রাখবে।

(وَكَفُوا أَيْدِيكُم) তোমরা তোমাদের হাতকে জুলুম করা হতে বিরত রাখবে। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উবাদা ইব্নুস সামিত (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন